



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-৬৬/৩৬৩২/২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

বিষয়: অধ্যক্ষ জনাব টি. আর মো: আব্দুল মান্নান এর স্ব-পদে দায়িত্ব পালন এবং গভার্ণিং কেন ভেঞ্চে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

সূত্র: ১) নং-বামাশিবো/প্রশা/৩৩৩২০১২৮৫২৩১/সিরাজগঞ্জ-৬৬/৩৬০৩/২; তারিখ: ০৪/০১/২০২১ খ্রি.
২) নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১২৮৫২৩১/সিরাজগঞ্জ-৬৬/৩৬১৫/২; তারিখ: ১৪/০২/২০২১ খ্রি.
৩) উপজেলা নির্বাহী অফিসারের স্মারকনং-০৫.৪৩.৮৮৮৯.০০০.০৯.০০৮.২০-৩১৫; তারিখ: ২৮/০৩/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলাধীন গোনতা আলিম মাদ্রাসার গভার্ণিং বডির সভাপতি ও অধ্যক্ষ কর্তৃক পরস্পর বিরোধী অভিযোগ দাখিলের প্রেক্ষিতে সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ-কে সূত্রোক্ত ১ ও ২নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ৩নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন।

তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, নিম্নোক্ত অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হওয়ায় গভার্ণিং বডির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য তদন্তকারী কর্মকর্তা সুপারিশ করেছেন:-

- সভাপতি শিক্ষার মান উন্নয়নে ভূমিকা না নিয়ে নিয়োগ বিষয়ে কর্তৃত্ব ধরে রাখার জন্য অধ্যক্ষের ওপর মানসিক চাপ সৃষ্টি করে তাকে বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করেছেন;
- অধ্যক্ষকে সামাজিক ও পারিবারিকভাবে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করেছেন;
- অধ্যক্ষের সাথে অমানবিক আচরণ করেছেন;
- গভার্ণিং বডির একাংশ অভভাবক সদস্য সম্পূর্ণ অকার্যকর। কেননা তাঁরা প্রতিষ্ঠানের লেখাপড়ার মান উন্নয়নের বিষয়ে একেবারেই উদাসীন, অন্যান্য বিষয়েও নিজেদের পরামর্শ ও মতামত প্রদানে অক্ষম এবং অন্যের পরামর্শে প্ররোচিত হয়;
- দাতা সদস্যের বয়স প্রায় ৯০ বছর হওয়ার কারণে প্রতিষ্ঠানের কোন কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেন না।

এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামতের আলোকে-

ক) অধ্যক্ষের সাময়িক বরখাস্ত বিধি বহির্ভূত হওয়ায় পত্র জারির পর থেকে তিনি স্ব-পদে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো; এবং

খ) গভার্ণিং বডির বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮ এর ক্ষমতাবলে অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঞ্চে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য মাদ্রাসা প্রধান ও গভার্ণিং বডির সভাপতিকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


১৬.০৪.২১

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd



প্রাপক: ১) অধ্যক্ষ, জনাব টি. আর মো: আব্দুল মান্নান;
গোনতা আলিম মাদ্রাসা, ডাকঘর: গোনতা বাজার, তাড়াশ, সিরাজগঞ্জ
২) সভাপতি- গভার্ণিং বডি,
গোনতা আলিম মাদ্রাসা, ডাকঘর: গোনতা বাজার, তাড়াশ, সিরাজগঞ্জ

নং-বামাশিবো/প্রশাসন/সিরাজগঞ্জ-৬৬/৩৬৩২/২

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সিরাজগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াশ, সিরাজগঞ্জ;
৫. সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, গোনতা আলিম মাদ্রাসা, তাড়াশ, সিরাজগঞ্জ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


১৬/৪/২১

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

